



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৪৪৭

তারিখঃ ৩১/০৭/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৪১ তম কমিশন সভা অদ্য ৩১/০৭/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় গত ৩০/০৭/২০১২ইং তারিখে সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এর সার্জার সমস্যার কারণে ৩১/০৭/২০১২ তারিখে ডিএসই ও সিএসই'র ট্রেড বন্ধ থাকার প্রেক্ষাপটে বিষয়টি জরুরী ভিত্তিতে তদন্ত করার জন্য চার সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করে:


ক) মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক (এমআইএস, আরএন্ডডি, সিডিএস), এসইসি	আহ্বায়ক
খ) রাজিব আহমেদ, পরিচালক (এমআইএস), এসইসি	সদস্য সচিব
গ) আইটি প্রধান/আইটি বিশেষজ্ঞ, ডিএসই	সদস্য
ঘ) আইটি প্রধান/আইটি বিশেষজ্ঞ, সিএসই	সদস্য

কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ক) CDBL এর সমস্যার প্রকৃতি ও স্বরূপ নির্ণয়
- খ) উদ্ভূত সমস্যার কারণ নির্ণয়
- গ) দায়িত্ব পালনে কোন অবহেলা/ব্যর্থতা (যদি থাকে) তা নির্ধারণ
- ঘ) সর্বশেষ আপগ্রেশন সংক্রান্ত বিষয়
- ঙ) তদন্তকালীন সময়ের মধ্যে উদ্ভূত সমস্যার সমাধান হয়ে থাকলে তা সঠিকভাবে হয়েছে কি না
- চ) এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধকল্পে ও CDBL সঠিকভাবে অপারেশনের জন্য করণীয় বিষয়

উক্ত কমিটি জরুরী ভিত্তিতে তদন্ত শেষ করে ০৫ কর্মদিবসের মধ্যে কমিশনের চেয়ারম্যান বরাবর প্রতিবেদন পেশ করবে।

২. Generation Next Fashions Limited এর ১০ টাকা মূল্যমানের ৩০০,০০,০০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৩০,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক থেকে গৃহীত ঋণ পরিশোধ করবে। Generation Next Fashions Limited এর ৩১.১২.২০১১ইং তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী বেসিক শেয়ার প্রতি আয় ২.০৯ টাকা। উল্লেখ্য, BRAC EPL Investments Ltd., Generation Next Fashions Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে। উল্লেখ্য, Generation Next Fashions Limited এর মাধ্যমে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ২০% কোটা সংরক্ষিত থাকবে।
৩. United Commercial Bank Limited এর ২০০ কোটি টাকার Subordinated Floating Rate Bonds এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ০৭ বছর। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইস্যুরেপ কোম্পানী এবং বৈদেশিক উন্নয়ন আর্থিক প্রতিষ্ঠান (কর্পোরেট, ইনস্টিটিউট) এর বিনিয়োগকারীরাই শুধুমাত্র এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, offer document অনুযায়ী এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে United Commercial Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি, ব্যাংকের চলতি প্রবৃদ্ধি বজায় রাখা ইত্যাদি কাজে ব্যয় করবে। United Commercial Bank Limited, Subordinated Floating Rate Bond এর প্রতিটির অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসেবে Standard Chartered Bank, Bangladesh কাজ করছে।
৪. First Security Islami Bank Limited এর ২৫০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ০৬ বছর। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট কোম্পানী এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) শুধুমাত্র এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, offer document অনুযায়ী এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে First Security Islami Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি, ব্যাংকের চলতি প্রবৃদ্ধি বজায় রাখা ইত্যাদি কাজে ব্যয় করবে। First Security Islami Bank Limited, Mudaraba Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা, মার্কেট লট ২০টি এবং ন্যূনতম চাঁদা ১ কোটি টাকা মাত্র। এই বন্ডের ইস্যু ম্যানেজার হিসেবে Prime Finance Capital Management Limited কাজ করছে।


তারিখঃ ৩১/০৭/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র